ভোরের কাগজ

তারিখ 28 MAR 2003 পৃষ্ঠা 2 কলাম

## এসএসসি, দাখিল, ভোকেশনাল পরীক্ষা শুরু

# ইংরেজি প্রথমপত্রে ১৩ শিক্ষকসহ ২৫০০ বহিষ্কার, গ্রেপ্তার ৪

কাগজ প্রতিবেদক : সারাদেশে গতকাল বৃহস্পতিবার শুরু হওয়া এসএসসি, দাখিল এবং ভোকেশনাল পরীক্ষার প্রথম দিনে প্রায় আড়াই হাজার পরীক্ষার্থী এবং ১৩ জন শিক্ষক বহিষ্কৃত হয়েছে। গতকার ইংরেজি প্রথম পত্র পরীক্ষায় বিক্ষিপ্তভাবে নকল করার ঘটনা ঘটলেও সার্বিক বিচারে এবার শান্তিপূর্ণভাবেই এসএসসি পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে।

সারাদেশে নকলে সহযোগিতার দায়ে শিক্ষক গ্রেপ্তার হয়েছে ৪ জন। এছাড়া ২ জন ছাত্র এবং ২ জন বহিরাগতকেও গ্রেপ্তার করা হয়েছে। নকলের দায়ে বহিষ্কারের সঙ্গে সঙ্গে গ্রেপ্তারের সরকারি নির্দেশ থাকলেও এই নির্দেশ মানা হয়নি।

নেত্রকোনার খালিয়াজুরী পরীক্ষা কেন্দ্রে জোরপূর্বক প্রবেশের চেষ্টা করলে জনৈক সেনাসদস্যকে আটক করে থানায় সোপর্দ করা হয়।

দাউদকান্দি এবং শ্রীমঙ্গলসহ দেশের কয়েকটি পরীক্ষা কেন্দ্রে সাংবাদিকদের

● এরপর-পৃষ্ঠা ২ কলাম ১







*কিশোরীগঞ্জ হাইস্কুল কেন্দ্রে নকলমুক্ত পরিবেশে পরীক্ষা দেয় ছাত্রছাত্রীরা (বাঁয়ে)। তারাগঞ্জের একটি কেন্দ্রের বারান্দায় লিখছেন দুই পরীক্ষার্থী (ডানে উপরে-নিচে)*

## ইংরেজি প্রথমপত্রে ১৩ শিক্ষকসহ

● প্রথম পাতার পর

প্রবেশ করতে না দেওয়ার অভিযোগ পাওয়া গেছে। গত বছর অনুষ্ঠিত এসএসসি ও দাখিল পরীক্ষার প্রথম দিনে ইংরেজি প্রথমপত্র পরীক্ষায় ৬ হাজার পরীক্ষার্থী বহিষ্কৃত হলেও এ বছর বহিষ্কৃতের সংখ্যা ছিল কম।

৩ বছর ৭টি শিক্ষা বোর্ডে এসএসসি পরীক্ষায় মোট বহিষ্কৃতের সংখ্যা ১৭৫৭। ৭টি বোর্ডে শিক্ষক বহিষ্কৃত হয়েছেন ১১ জন। ঢাকা বোর্ডে মোট বহিষ্কৃতের সংখ্যা ২০০ জন, রাজশাহী বোর্ডে সর্বাধিক ৯২২ জন, যশোর বোর্ডে ১৮৪ জন, চট্টগ্রাম বোর্ডে ১৭৪ জন, কুমিল্লা বোর্ডে ১৪৪ জন, বরিশাল বোর্ডে ৭৭ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। সবচেয়ে কম বহিষ্কৃত হয়েছে সিলেট বোর্ডে। এই বোর্ডে মাত্র ৬ জন পরীক্ষার্থী বহিষ্কৃত হয়েছে।

বহিষ্কৃত ১১ জন শিক্ষকের মধ্যে ঢাকা বোর্ডে ২ জন, রাজশাহী বোর্ডে ৬ জন, যশোর বোর্ডে ১ জন, চট্টগ্রাম বোর্ডে ২ জন এবং বরিশাল বোর্ডে ১ জন শিক্ষককে নকলে সহযোগিতার দায়ে বহিষ্কার করা হয়েছে। এছাড়া মাদ্রাসা বোর্ডের অধীনে অনুষ্ঠিত দাখিল পরীক্ষায় সর্বশেষ প্রাপ্ত তথ্য অনুযায়ী ৩৬টি জেলায় ৩৮০ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। এছাড়া নকলে সহযোগিতার দায়ে ২ জন শিক্ষক বহিষ্কৃত হয়েছেন। মাদারীপুরে মাদ্রাসার সুপারকে এবং রংপুরে ১ জন শিক্ষককে গ্রেপ্তার করা হয়েছে।

কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে অনুষ্ঠিত ভোকেশনাল পরীক্ষায় সর্বশেষ প্রাপ্ত তথ্য অনুযায়ী ২২৫টি কেন্দ্র থেকে ১০৫ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। এ বছর মোট পরীক্ষার্থীর সংখ্যা ১১ লাখ ৩৪ হাজার ৪৯ জন। এর মধ্যে এসএসসিতে ৯ লাখ ৩৩ হাজার ৬৫২ জন, এসএসসি ভোকেশনালে ২১ হাজার ৫৬৪ জন এবং দাখিল পরীক্ষায় ১ লাখ ৬৮ হাজার ৭৬৯ জন পরীক্ষার্থী রয়েছে।

তবে গতকাল বিভিন্ন পরীক্ষা কেন্দ্রে অনুপস্থিত ছিল উল্লেখযোগ্যসংখ্যক পরীক্ষার্থী।

**চট্টগ্রাম** : সারাদেশে অনুষ্ঠিত এসএসসি পরীক্ষার প্রথম দিনে মোট ১৭৫ জন পরীক্ষার্থী বহিষ্কার হয়েছে। এর মধ্যে চট্টগ্রামে ১১৩ জন, খাগড়াছড়িতে ৩১ জন, রাঙামাটিতে ১৫ জন, বান্দরবানে ১০ জন এবং কক্সবাজারে ৬ জন।

**বরিশাল** : বরিশাল বোর্ড কর্তৃপক্ষ মোট ৫৭টি কেন্দ্রের এক-তৃতীয়াংশ অর্থাৎ ১৯টি কেন্দ্রকে ঝুঁকিপূর্ণ ও স্পর্শকাতর হিসেবে চিহ্নিত করে ঐসব কেন্দ্রে বিডিআর মোতায়েনের দাবি জানালেও তা মেনে নেওয়া হয়নি। তবে শহরে সেনা-বিডিআর টহলে ছিল। বরিশাল প্রতিনিধি জানান, এবার বরিশাল বোর্ডের অধীনে অনুষ্ঠিত এসএসসি পরীক্ষায় ৬ জেলার বিভিন্ন কেন্দ্রে মোট ৮৩ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে।

পূর্বাঞ্চল প্রতিনিধি জানান, এসএসসি পরীক্ষার্থীদের স্কুল গেটে নকল তল্লাশির সরকারি নির্দেশ থাকলেও পরীক্ষার প্রথম দিনে ব্রাহ্মণবাড়িয়ার কোনো কেন্দ্রে তা করা হয়নি। ফলে কিছুসংখ্যক পরীক্ষার্থীকে অভিনব কায়দায় শরীরের বিভিন্ন স্থানে নকল লুকিয়ে কেন্দ্রের ভেতর প্রবেশের অভিযোগ পাওয়া গেছে।

**ঠাকুরগাঁও** : এসএসসি পরীক্ষার প্রথম দিনে ঠাকুরগাঁওয়ে ৩৯ জন পরীক্ষার্থী বহিষ্কার হয়েছে। এর মধ্যে এসএসসি ইংরেজি বিষয়ে ২৫ জন, দাখিলে ১৩ জন এবং কারিগরি পরীক্ষায় ১ জন পরীক্ষার্থী বহিষ্কৃত হয়েছে। জেলার উপজেলার সদর ছাড়া বাইরে পরীক্ষা অনুষ্ঠিত হয়নি।

**নেত্রকোনা** : এসএসসি পরীক্ষার প্রথম দিনে নেত্রকোনায় ৬২ জন জনকে নকলের অভিযোগে বহিষ্কার করা হয়েছে। কেন্দুয়া উপজেলার আতজিয়া স্কুলে সর্বোচ্চ ২৭ জনকে বহিষ্কৃত করা হয়েছে। দাখিল পরীক্ষায় বহিষ্কৃত হয়েছে ১৩ জন পরীক্ষার্থী। অপরদিকে খালিয়াজুরি পরীক্ষা কেন্দ্রে জোরপূর্বক প্রবেশের চেষ্টাকালে রুবেল নামে এক সেনাসদস্যকে আটক করে থানায় সোপর্দ করা হয়েছে।

**নোয়াখালী** : নোয়াখালী প্রতিনিধি জানান, জেলার ২০টি এসএসসি পরীক্ষা কেন্দ্রে নকলের দায়ে ৬২ জন এবং দাখিল পরীক্ষায় ৭টি মাদ্রাসা কেন্দ্রে ৩৪ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। জেলায় মোট এসএসসি পরীক্ষার্থীর সংখ্যা ১৪ হাজার ৩৩১ জন এবং দাখিল পরীক্ষার্থীর সংখ্যা ২ হাজার ৬২৫ জন। এর মধ্যে এসএসসি পরীক্ষায় ১১৯ জন এবং দাখিল পরীক্ষায় ৬৯ জন পরীক্ষার্থী অনুপস্থিত ছিল।

**ফরিদপুর** : ফরিদপুর জেলায় পরীক্ষার প্রথম দিনে সর্বমোট ১০ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। সেখানে এবার মোট ১২টি কেন্দ্রে পরীক্ষা অনুষ্ঠিত হচ্ছে। ফরিদপুর প্রতিনিধি জানিয়েছেন, বহিষ্কৃতদের মধ্যে উপজেলায় ৯ জন এবং সদর উপজেলায় ১ জনকে বহিষ্কার করা হচ্ছে। ফরিদপুরের জেলা প্রশাসক, পুলিশ সুপার এবং প্রথম শ্রেণীর ম্যাজিস্ট্রেট কেন্দ্রগুলো পরিদর্শন করেছেন।

**ফেনী** : এসএসসি পরীক্ষার প্রথম দিনে ইংরেজি প্রথম পত্র পরীক্ষায় নকলের দায়ে ফেনী জেলায় মোট [illegible]

... নিরাপত্তার মাঝে পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে।

**কাপাসিয়া (গাজীপুর)** : শিক্ষা উপমন্ত্রী আব্দুস সালাম পিন্টু কাপাসিয়া পাইলট উচ্চ বিদ্যালয় কেন্দ্র, রাউৎকোনা মাদ্রাসা কেন্দ্র এবং ইউনিয়ন উচ্চ বিদ্যালয় কেন্দ্র পরিদর্শন করেন এবং কেন্দ্রের বাইরের পরিবেশ দেখে অসন্তোষ প্রকাশ করেন। কাপাসিয়া (গাজীপুর) প্রতিনিধি জানান, কাপাসিয়ার নয়টি কেন্দ্রে নকলের দায়ে ৯ জন পরীক্ষার্থীকে গ্রেপ্তার করা হয়েছে। তবে নকলের দায়ে বহিষ্কারের সঙ্গে গ্রেপ্তারের সরকারি নির্দেশ থাকলেও বহিষ্কৃত কোনো পরীক্ষার্থীকে গ্রেপ্তার করা হয়নি।

অন্যদিকে নকল সরবরাহ করার অভিযোগে খাগটিয়া কেন্দ্রে ম্যাজিস্ট্রেট, মানিক (২০) নামের একজনকে গ্রেপ্তার করে থানায় সোপর্দ করেছে।

এছাড়া ও খাগটিয়া রাউৎকোণা ও কাপাসিয়া (বরুন) মাদ্রাসা কেন্দ্রে নকল করার অভিযোগ পাওয়া গেছে।

**নান্দাইল** : নান্দাইলে এসএসসি পরীক্ষার প্রথম দিনে ১১ জনকে বহিষ্কার করা হয়েছে। নান্দাইল প্রতিনিধি জানিয়েছেন, সেখানে পরীক্ষার্থীরা কেন্দ্রে প্রবেশ করে নোটিশ বোর্ডে সঠিক আসনবিন্যাস না পেয়ে ভোগান্তির শিকার হয় এবং অনেকেই কান্নায় ভেঙে পড়ে।

১১ জন বহিষ্কৃত পরীক্ষার্থীর মধ্যে ৭ জন এসএসসি পরীক্ষার্থী এবং ৪ জন দাখিল পরীক্ষার্থী।

**পূর্বধলা** : পূর্বধলা উপজেলা সদরে পরীক্ষার প্রথম দিনে অসদুপায় অবলম্বনের দায়ে ১০ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে বলে পূর্বধলা প্রতিনিধি জানিয়েছেন। তিনি জানান, সংসদ সদস্য ব্যতীত অন্যকোনো ব্যক্তির কেন্দ্রে প্রবেশের নিয়ম না থাকলেও কয়েকজন ব্যক্তিকে গৌরীপুর উপজেলার শ্যামগঞ্জ উচ্চবিদ্যালয় কেন্দ্রে অবস্থান করতে দেখা গেছে। উক্ত কেন্দ্রে ৩ জনকে বহিষ্কার করা হয়েছে। অন্যদিকে পূর্বধলা উপজেলার জালশুকা কুমুদগঞ্জ উচ্চ বিদ্যালয় কেন্দ্রে নকলমুক্তভাবে পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে এবং সেখানে কোনো পরীক্ষার্থীকে বহিষ্কারকরা হয়নি এবং কোনো বহিরাগত পরীক্ষার্থী ছিল না।

**চাটখিল (নোয়াখালী)** : পরীক্ষার প্রথম দিনে চাটখিল আলীয়া মাদ্রাসার ৫৮ জন দাখিল পরীক্ষার্থী মাদ্রাসা কর্তৃপক্ষের বিরুদ্ধে চরম ক্ষোভ প্রকাশ করেছে। কেননা পরীক্ষার হলে সুযোগ সুবিধা দানের জন্য তাদের কাছ থেকে অতিরিক্ত ৪৫০ টাকা করে মাদ্রাসা [illegible]